# সিটিজেন চার্টার

## উপজেলা সমবায় কার্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

| সেবার নাম | প্রয়োজনীয় সর্বোচ্চ সময় (ঘন্টা/ দিন/ মাস) | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির স্থান | ফি/ চার্জ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|
| প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন | ৬০দিন | ক) প্রাপ্ত বয়স্ক কমপক্ষে ২০ (বিশ) জন সাধারন জনগণের আবেদন।<br>খ) বিশ জনের সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি (উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত)।<br>গ) নাগরিকত্ব সনদের ছায়ালিপি (উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত)।<br>ঘ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি (উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত)।<br>ঙ) সাংগঠনিক সভার রেজুলেশন।<br>চ) ০৩(তিন) প্রস্থ উপ-আইন।<br>ছ) নিবন্ধন আবেদন ফরম।<br>জ) সভ্য রেজিষ্টার, সাধারন রেজিষ্টার, সভা রেজিষ্টার, শেয়ার রেজিষ্টার, সঞ্চয় রেজিষ্টার, ক্যাশ বহি, পাশবহি।<br>ঝ) কমপক্ষে আদায়কৃত শেয়ার মূলধন ২০,০০০/- টাকা, সঞ্চয় আমানত- ৩,০০০/- টাকা, ভর্তি ফি এবং বিবিধ আদায়।<br>ঞ) ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অফিস ভাড়ার চুক্তিনামা।<br>ট) নিবন্ধন ফি ও ভ্যাট জমা চালানের মূল কপি।<br>ঠ) সমবায় সমিতির নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী কাগজপত্র।<br>ড) সমবায় বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরেজমিনে যাচাই প্রতিবেদন।<br>ঢ) নিবন্ধনপূর্ব অবহিতকরণ সভা অনুষ্ঠান। | উপজেলা/ জেলা সমবায় অফিস | নিবন্ধন ফি-৩০০/টাকা, চালান কোড- ১ ৩৮৩১ ০০০০ ১৮৩৬<br>ভ্যাট- ৪৫/- টাকা চালান কোড- ১ ১১৩৩ ০০৪০ ০৩১১ | মোঃ মারুফ হোসেন<br>উপজেলা সমবায় অফিসার<br>শাহজাদপুর, সিরাজগঞ্জ।<br>মোবাইলঃ ০১৭১৮-২৬২১৭০ |
| উপ-আইন সংশোধন | ৩০দিন | কেন্দ্রীয়ঃ<br>ক) সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন।<br>খ) ব্যবস্থাপনা কমিটির সভা ও বিশেষ/বার্ষিক সাধারন সভার সিদ্ধান্তের অনুলিপি।<br>গ) সমবায় সমিতি আইন ও সমবায় সমিতি বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা সমবায় অফিসারের মন্তব্যসহ দাখিল।<br>ঘ) নিবন্ধন সনদের ছায়ালিপি।<br>ঙ) প্রাপ্ত কাগজপত্র সমবায় অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরেজমিনে যাচাইপূর্বক উপ-আইন সংশোধনের সুস্পষ্ট মন্তব্যসহ দাখিল।<br>প্রাথমিকঃ<br>ক ) সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন।<br>খ) ব্যবস্থাপনা কমিটির সভা ও বিশেষ/বার্ষিক সাধারন সভার সিদ্ধান্তের অনুলিপি।<br>গ) সমবায় সমিতি আইন ও সমবায় সমিতি বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা সমবায় অফিসারের মন্তব্যসহ দাখিল।<br>ঘ) নিবন্ধন সনদের ছায়ালিপি।<br>ঙ) প্রাপ্ত কাগজপত্র সমবায় অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরেজমিনে যাচাইপূর্বক উপ-আইন সংশোধনের সুস্পষ্ট মন্তব্যসহ দাখিল। | উপজেলা/ জেলা সমবায় অফিস | বিনামূল্যে | মোঃ মারুফ হোসেন<br>উপজেলা সমবায় অফিসার<br>শাহজাদপুর, সিরাজগঞ্জ।<br>মোবাইলঃ ০১৭১৮-২৬২১৭০ |
| বার্ষিক বাজেট অনুমোদন | ০৭ কর্মদিবস | কেন্দ্রীয়ঃ<br>ক ) সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন ও বাজেটের কপি।<br>খ) ব্যবস্থাপনা কমিটির সভা ও বিশেষ/বার্ষিক সাধারন সভার সিদ্ধান্তের অনুলিপি।<br>প্রাথমিকঃ<br>ক ) সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন ও বাজেটের কপি।<br>খ) ব্যবস্থাপনা কমিটির সভা ও বিশেষ/বার্ষিক সাধারন সভার সিদ্ধান্তের অনুলিপি। | উপজেলা/ জেলা সমবায় অফিস | বিনামূল্যে | ঐ |
| সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী | ০৭ দিন | ক) প্রতি সমবায় বর্ষের (জুলাই-জুন) সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই।<br>খ) কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধনের পরিমাণ- ৫০,০০০/- টাকার উর্দ্ধে হলে জেলা সমবায় অফিসার কর্তৃক উপজেলা সমবায় অফিসার/উপ-সহকারী নিবন্ধক/জেলা অডিটর/পরিদর্শক/সহকারী পরিদর্শকদের নামে প্রতি বছর এপ্রিল-মে মাসের অডিট অফিসার নিয়োগ ও অডিট বরাদ্দ প্রদান।<br>গ) নিয়োগকৃত অডিট অফিসার কর্তৃক অডিট নোটিশে উল্লেখিত নির্ধারিত সময়ে সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই করে প্রতিবেদন প্রস্তুত করতঃ অডিট প্রতিবেদন সংশ্লিষ্ট সমবায় অফিসে ও সমিতিতে দাখিল। | উপজেলা/ জেলা সমবায় অফিস | বিনামূল্যে | ঐ |
| নির্বাচন কমিটির নিয়োগ | ৪৫ কর্মদিবস | ক) ব্যবস্থাপনা কমিটি গঠনের নিমিত্তে আবেদনকারী সমিতি নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪৫দিন পূর্বে কেন্দ্রীয় ও যে সমস্ত প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে সে সমস্ত সমিতির নির্বাচন কমিটি নিয়োগের আবেদন জেলা সমবায় অফিসারের নিকট দাখিল।<br>খ) নির্বাচন অনুষ্ঠানের ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি গঠন।<br>গ) নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচনী তফসীল জারী এবং তফসীল মোতাবেক নির্বাচনের যাবতীয় কার্যক্রম শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা।<br>ঘ) নির্বাচনী ফলাফল সংশ্লিষ্ট প্রার্থী, সমিতি ও দপ্তরে প্রেরণ।<br>ঙ) প্রাক্তন ব্যবস্থাপনা কমিটি হতে নবনির্বাচিত ব্যবস্থাপনা কমিটির দায়িত্বভার গ্রহণ (নির্বাচন অনুষ্ঠানের অব্যবহিত ১৫ দিনের মধ্যে)। | উপজেলা/ জেলা সমবায় অফিস | বিনামূল্যে | ঐ |
| অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | ০৩ কর্মদিবস | ক) নিয়মিত বা নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তার মেয়াদকালের মধ্যে নির্বাচন করতে না পারার প্রেক্ষিতে সংশ্লিষ্ট শ্রেণীর (কেন্দ্রীয় ও প্রাথমিক) সমবায় সমিতির আবেদনের প্রেক্ষিতে অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উদ্যোগী হয়ে যে সকল সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে সে সকল সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিয়োগ প্রদান।<br>খ) সমিতি কর্তৃক আবেদনের ক্ষেত্রে সভার সিদ্ধান্তের কপি দাখিল।<br>গ) নিয়োগ আদেশ সংশ্লিষ্ট/ দপ্তরে দাখিল।<br>ঘ) নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি আইনানুগ সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করতঃ নবনির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর। | উপজেলা/ জেলা সমবায় অফিস | বিনামূল্যে | ঐ |
| বিচারক | ৯০ কর্মদিবস | ক) সমবায় সমিতির যে কোন কার্যক্রম/ নির্বাচন পরিচালনা করার ক্ষেত্রে উদ্ভুত বিরোধ সংক্রান্ত বিষয়ে যে কোন সদস্য সমিতিবা সমিতির কোন সদস্য, সমিতি বা সদস্যের বিরুদ্ধে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ডিসপুট মামলা দায়ের।<br>খ) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার বরাবরে প্রেরণ করা।<br>গ) সমিতি বা সমিতির কোন সদস্যের অভিযোগ প্রাপ্তির পর স্থান, সময় উল্লেখ পূর্বক উভয় পক্ষকে শুনানীর নোটিশ জারী।<br>ঘ) নির্ধারিত তারিখ, স্থান, সময়ে উভয়পক্ষের শুনানী গ্রহণ পূর্বক রায় প্রদান।<br>ঙ) রায়ের অনুলিপি তার দপ্তরে সংরক্ষণসহ বাদী/ বিবাদী ও সংশ্লিষ্ট দপ্তরকে প্রদান।<br>চ) রায় অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (বাদী/বিবাদী ও সংশ্লিষ্ট দপ্তর) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।<br>ছ) সংক্ষুদ্ধ পক্ষ রায় প্রদানকারীর পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে আপীল আবেদন দাখিল ও আপীল দায়ের মাধ্যমে বিষয়টি নিস্পত্তি। | উপজেলা/ জেলা সমবায় অফিস | ১০০/- টাকা কোর্ট ফি | উপ-সহকারী নিবন্ধক সিরাজগঞ্জ।<br>উপ-নিবন্ধক (বিচার) রাজশাহী। |
| প্রশিক্ষণ | ০১ কর্মদিবস | ক) নিবন্ধনপূর্ব প্রাক প্রশিক্ষণ প্রদান।<br>খ) নিবন্ধিত সমবায় সমিতির কার্যক্রম পরিচালনা সংক্রান্ত, সমিতির আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, আয়বর্ধকমূলক কর্মকান্ড পরিচালনা, স্থানীয় প্রকল্প গ্রহণ, গবাদী পশু, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদান।<br>গ) জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক সমবায় ব্যবস্থাপনার উপর ও সমিতির চাহিদা মোতাবেক ০৩ অতিথি বক্তার মাধ্যমে প্রশিক্ষণ প্রদান।<br>ঘ) উন্নত প্রশিক্ষণের জন্য সমিতির সদস্যদের বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী কুমিল্লা; আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া; সমবায় অধিদপ্তর, ঢাকায় প্রেরণ।<br>ঙ) প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক সমবায় সমিতির আবেদন অথবা ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট আগ্রহী হয়ে সমিতিতে গিয়ে ০১ দিনের প্রশিক্ষণ প্রদান।<br>চ) ০৩ জন অতিথি বক্তার ভাতা ও প্রশিক্ষণার্থীদের জেলা সমবায় অফিস হতে খাতা, কলম, ফোল্ডার ও দুপুরের খাবার বিতরণ। | উপজেলা/ জেলা সমবায় অফিস | বিনামূল্যে (ভ্রাম্যমান প্রশিক্ষণে অতিথি বক্তা ও প্রশিক্ষণার্থীদের খাতা, কলম, ফোল্ডার ও দুপুরের খাবার বিতরণের ব্যয় জেলা সমবায় অফিস হতে প্রদান করা হয়। | ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট। |

উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পে, গাড়াদহ ও বাঘাবাড়ী নারী উন্নয়ন সমবায় সমিতিতে মোট ২০০ জন সদস্যদের মাঝে ২% সার্ভিস চার্জে ঋণ প্রদান করা হয়েছে।

নবন্ধক এর অনুমোদন ব্যতিত কোন সংগঠন কিংবা সমিতি বা সংঘের নামে সমবায় বা কো-অপারেটিভ শব্দ ব্যবহার করা যায় না এবং কেউ যদি এই আইনটি লংঘন করেন তবে দায়ী ব্যক্তি অনধিক ০৭ (সাত) বৎসরের কারাদন্ডে বা অনধিক ১০০০০০/- টাকা অর্থ দন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হবেন।
সমবায় আইন ভঙ্গকারী কোন ব্যক্তি ৫০০০/- টাকা জরিমানা বা ছয় মাসের কারাদন্ড হতে পারে।
সমবায় সংক্রান্ত যে কোন তথ্য বা পরামর্শের প্রয়োজন হলে যে কোন সমবায় কার্যালয়ে কোন ব্যক্তি পরামর্শ করতে পারেন।

(মোঃ মারুফ হোসেন)
উপজেলা সমবায় অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ।
মোবাঃ ০১৭১৮-২৬২১৭০